

# Visit of Smt. Meenakashi Lekhi, Minister of State for External Affairs to Greece (January 30-31, 2023)

February 01, 2023

বিদেশ দফতরের রাষ্ট্রমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখির গ্রীস সফর (জানুয়ারি 30-31, 2023)

ফেব্রুয়ারি 01, 2023

বিদেশ এবং সাংস্কৃতিক দফতরের রাষ্ট্রমন্ত্রী (এমওএস) শ্রীমতি মীনাঙ্কী লেখি 30-31 জানুয়ারি, 2023 গ্রীস সফরে গিয়েছিলেন।

এই সফরে তিনি গ্রীসের উপপ্রধান মন্ত্রী মাননীয় পানাজিওটিস পিত্রামেনসের সাথে সাক্ষাৎ করেছিলেন। তিনি গ্রীসের বিদেশমন্ত্রী মাননীয় নিকোস ডেন্ডিয়াসের সাথেও সাক্ষাৎ করেছিলেন।

বিদেশ দফতরের রাষ্ট্রমন্ত্রী গ্রীসের বিদেশ দফতরের উপমন্ত্রী ও গ্রীসের বৈচিত্র্য ও জনকূটনৈতিক মন্ত্রী মাননীয় আন্দ্রিয়াস কাটসানিওটিস এবং সাংস্কৃতিক ও ক্রীড়া মন্ত্রী মাননীয় লীনা মেন্ডনিসের সাথে বিস্তারিতভাবে দ্বিপাক্ষিক আলোচনা করেছেন। এই আলোচনায় প্রধানত বাণিজ্য ও অর্থনীতি, সংস্কৃতি ও শিল্প, জনগণের সাথে জনগণের যোগাযোগ এবং অভিবাসন ও গতিশীলতার উপর জোর দেওয়া হয়েছে।

30 জানুয়ারি এমওএস পূণ্য তিথিতে এথেন্সে মহান্মা গান্ধীর মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি গ্রীসে বসবাসকারী ভারতীয় এবং ব্যবসায়ী সম্প্রদায়, ভারতের বন্ধু ও ভারত বিশেষজ্ঞদের সাথে কথাবার্তা বলেন। এছাড়া তিনি আজাদিকা অমৃত মহোৎসব উপলক্ষে আয়োজিত একটি যোগা অনুষ্ঠানেও অংশগ্রহণ করেন। এর সাথে এমওএস গ্রীক বাদ্যকার এবং গবেষক শ্রী কল্টাণ্টিনো কালায়িটসজিস এর 'ইন্ডিয়ান মিউজিক' নামক বই প্রকাশ করেন।

এমওএস- এর গ্রীস সফর ভারত ও গ্রীসের মধ্যে থাকা সুন্দর সম্পর্ককে আরও গতি দিয়েছে এবং সহযোগিতার নতুন নতুন চিন্তাভাবনা ও পথ খুলে দিয়েছে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 01, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.